

জেডার সম্পর্ক উন্নয়ন ত্রৈমাসিক সমন্বয় সভা

স্থান : বোরহানউদ্দিন, শাখা অফিস, ভোলা
তারিখ : ৫ এপ্রিল-২০১৫, সময় : ৪:৩০ মিনিট
সমন্বয়কারি: ফেরদৌস আরা রুমী
ফ্যাসিলিটেটর: রাশিদা বেগম

উদ্দেশ্য:

- সংশ্লিষ্ট শাখাসমূহের নারী-পুরুষ কর্মীদের মধ্যকার জেডার সম্পর্ক উন্নয়ন
- সংস্থার জেডার সম্পর্কিত পলিসি সমূহ যথাযথভাবে বাস্তবায়ন

অংশগ্রহণকারী :

ভেলুমিয়া, ভোলা সদর, দৌলতখান, বদরপুর এবং বোরহানউদ্দিন শাখার নারী সহকর্মীবৃন্দ এবং স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা।

আলোচনা :

১. পরিচিতি ও কুশল বিনিময়ের মাধ্যমে সভার আলোচনা শুরু হয়।
২. গত মিটিংয়ের উত্থাপিত সমস্যাবলীর সাথে বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ করে উপস্থিত নারী সহকর্মীরা বলেন, যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালা প্রনয়ণ এবং ওরিয়েন্টেশনের ফলে তারা এখন কিছুটা হলেও স্বস্তিতে আছেন। উক্ত সভা নারী কর্মীদের প্রতি পুরুষ কর্মীদের ইতিবাচক মনোভাব সৃষ্টিতে ভূমিকা রেখেছে। অংশগ্রহণকারিরা মনে করেন এটা তাদেরকে কর্মক্ষেত্রে নিরাপত্তাসহ প্রতিবাদের হাতিয়ার হিসেবে ভূমিকা রাখবে। এবং সংস্থার জেডার সম্পর্কিত নীতিমালাসমূহ তারা নিরাপত্তা, আস্থা এবং আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে।
৩. এরপরও অনেক নারী কর্মী মনে করেন, পুরুষ কর্মীদের দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হলেও এখনও কিছু কিছু শাখা ব্যবস্থাপক তাদের সাথে দুর্ব্যবহার, নীচু করে কথা বলা, অনেক রাত পর্যন্ত কাজ করার পরও ঠিক মতো বাড়ি যেতে পারলো তার খেঁজ না নেয়া, একটু দেরি করে অফিসে ঢুকলে সিগনেচার করতে না দেয়া, অপমান করা ইত্যাদি মনোভাব সমূহ প্রকাশ করেন।
৪. প্রতি মাসে একবার রাত ১০টা পর্যন্ত অফিসে হিসাব মিলানোর জন্য অবস্থান করার বিষয়ে তারা বলেন, এটা সন্ধ্যার মধ্যে সম্পন্ন হলে তাদের বাড়ি যেতে সুবিধা হয়।
৫. নারী সহকর্মীদের সুযোগ-সুবিধা: সংস্থার পলিসি অনুযায়ী নারী সহকর্মীদের যে সকল সুযোগ-সুবিধা রয়েছে, তা কর্মীরা জানেন।

প্রতিবেদন প্রস্তুতকারি:

ফেরদৌস আরা রুমী
০৮ এপ্রিল, ২০১৫